# কমপিউটার জগতের খবর


## একাদশ শ্রেণীতে ভর্তি
## অনলাইনের আওতায় মাত্র ১৯ শতাংশ কলেজ

*কমপিউটার জগৎ রিপোর্ট* ॥ ডিজিটাল পদ্ধতিতে একাদশ শ্রেণীতে ভর্তি প্রক্রিয়ার আওতায় এসেছে দেশের মাত্র ১৯ শতাংশ কলেজ। এ সংখ্যায় বিশেষজ্ঞেরা সন্তুষ্ট নন। তারপরও আবেদন প্রক্রিয়া শুরুর পর এরই মধ্যে এ ১৯ শতাংশ কলেজে পাঁচ লাখেরও বেশি আবেদন জমা পড়েছে। অনলাইন পদ্ধতির কারণে এবারে অবাঞ্ছিত চাপ মোকাবেলা করতে হচ্ছে না বলে স্বস্তিতে আছে ওই সব কলেজ কর্তৃপক্ষ।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, গত ২৬ মে দুপুর ১২টা পর্যন্ত দেশের ৫৫০টি কলেজে ভর্তির জন্য অনলাইনে আবেদন করেছে ৫ লাখ ১৫ হাজার ৪৩১ জন ভর্তিচ্ছু। এর মধ্যে ঢাকা বোর্ডের ২২৩টি কলেজে আবেদন জমা পড়েছে ২ লাখ ৪৩ হাজার ১১০টি। ঢাকা শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক ড. শ্রীকান্ত কুমার চন্দ্র জানান, একাদশ শ্রেণীতে ভর্তির জন্য অনলাইনে আবেদনের ক্ষেত্রে শিক্ষার্থীদের মধ্যে ব্যাপক সাড়া পড়েছে। কলেজগুলোও এতে আগ্রহ দেখাচ্ছে। কারণ এ পদ্ধতিতে কলেজ কর্তৃপক্ষ ভর্তি সংক্রান্ত বাড়তি চাপ থেকে মুক্ত থাকতে পারছে। কিন্তু কিছু প্রযুক্তিগত সীমাবদ্ধতা এবং সব এলাকায় টেলিটক নেটওয়ার্ক না থাকায় আগ্রহী হওয়া সত্ত্বেও অনেক কলেজকেই অনলাইন ভর্তির আওতায় নেয়া সম্ভব হয়নি।

একাদশ শ্রেণীর ভর্তির নীতিমালা অনুসারে ৩০০ জনের বেশি শিক্ষার্থী ভর্তি করানোর অনুমতি আছে– এমন শিক্ষাপ্রতিষ্ঠানে অনলাইনে ভর্তির ব্যবস্থা চালু করার কথা। পাশাপাশি প্রচলিত নির্ধারিত ফরমের মাধ্যমেও ভর্তির সুযোগ রাখা হয়েছে। তবে ৫০০ জনের বেশি শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে অনলাইন মাধ্যমকে বাধ্যতামূলক করা হয়েছে। শিক্ষার্থীরা টেলিটক কোম্পানির মোবাইল থেকে এসএমএসের মাধ্যমে এসব কলেজে ভর্তির জন্য আবেদন করতে পারছে। দেশের প্রত্যন্ত অঞ্চলের শিক্ষার্থীরাও রাজধানীর পছন্দের কলেজে আবেদনের সুযোগ পাচ্ছে। একজন আবেদনকারী একাধিক কলেজে কিংবা একই কলেজে একাধিক বিভাগে কিংবা একাধিক শিফটে আলাদাভাবে আবেদনের সুযোগ পাচ্ছে। প্রতিটি আবেদনের জন্য ফি দিতে হচ্ছে ১২০ টাকা। শিক্ষা বোর্ডগুলো কমপিউটারে স্বয়ংক্রিয় পদ্ধতিতে এসব কলেজে আবেদনকারীদের মধ্য থেকে জিপিএ'র ভিত্তিতে মেধাক্রম তৈরি করে দেবে। সে মেধাক্রম ও অপেক্ষমাণ তালিকা অনুসারে যোগ্যতাসম্পন্ন আগ্রহী শিক্ষার্থীরা পছন্দের কলেজে ভর্তির সুযোগ পাবে ◆

## সিমকার্ডের কর কমাল এনবিআর



জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) দ্বিতীয়বারের মতো মোবাইল ফোনের সিমকার্ডের ওপর থেকে কর কমিয়েছে। এখন থেকে সিমের মূল্য সংযোজন কর (মূসক) ৩০০ টাকা নির্ধারণ করা হয়েছে। আগে এর পরিমাণ ছিল ৬০০ টাকা। একই সাথে থ্রিজি লাইসেন্সের ওপর মূল্য সংযোজন করও কমানো হয়েছে।

দেশের ৬টি অপারেটরে গত ফেব্রুয়ারির শেষে মোবাইল ফোন ব্যবহারকারী সংখ্যা ছিল ৯ কোটি ৮৫ লাখ ৯৩ হাজার। এর আগে গত বছরের সেপ্টেম্বরের শেষে গ্রাহক ছিল ৯ কোটি ৮৪ লাখ ৬৬ হাজার। দীর্ঘদিন ধরে মোবাইল অপারেটরেরা অর্থ মন্ত্রণালয় ও বিটিআরসির কাছে সিমকার্ডে কর কমানোর দাবি জানিয়ে আসছিল। সর্বশেষ ২০১৩-১৪ অর্থবছরের প্রাক-বাজেট আলোচনায় অপারেটরেরা সিমকার্ডের মূসক কমানোর প্রস্তাব করার পর এনবিআর তা গ্রহণ করে। সম্প্রতি এনবিআরের এক জরুরি বৈঠকে সিমের কর ও থ্রিজি লাইসেন্সের ভ্যাট ১৫ শতাংশ থেকে কমিয়ে সাড়ে ৭ শতাংশ করার এ সিদ্ধান্ত হয়। প্রসঙ্গত, ৩২ কিলোবাইট ধারণ ক্ষমতাসম্পন্ন সিমকার্ডের ওপর শূন্য দশমিক ৫৫ সেন্ট এবং ৬৪ কিলোবাইট ধারণক্ষমতার সিমকার্ডের ওপর শূন্য দশমিক ৬৫ সেন্ট ট্যারিফ ভ্যালু চালু আছে ◆

## এইচএসসিতে ইসলাম শিক্ষা নামে নতুন বিভাগ
## বাধ্যতামূলক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

*কমপিউটার জগৎ রিপোর্ট* ॥ এইচএসসিতে ১০০ নম্বরের নতুন আবশ্যিক বিষয় হিসেবে যুক্ত হয়েছে 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি'। ফলে শিক্ষার্থীদের এখন ১২০০ নম্বরের পরিবর্তে ১৩০০ নম্বরের পরীক্ষা দিতে হবে। এছাড়া ইসলাম শিক্ষা নামে নতুন বিভাগ চালু করা হয়েছে। ফলে বিজ্ঞান, মানবিক, বাণিজ্য, গার্হস্থ্য অর্থনীতি ও সংগীত বিভাগের মতো 'ইসলাম শিক্ষা' বিভাগেও শিক্ষার্থীরা ভর্তি হতে পারবে। সম্প্রতি পাঠ্যপুস্তক বোর্ড এ ঘোষণা দেয়।



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক শফিকুর রহমান জানান, চলতি বছর এসএসসি উত্তীর্ণ শিক্ষার্থী যারা একাদশ শ্রেণীতে ভর্তি হবে, তারা নতুন পাঠক্রমে আগামী ২০১৫ সালে এইচএসসি পরীক্ষায় অংশ নেবে। নতুন পাঠ্যক্রমে সব শাখার শিক্ষার্থীদের আবশ্যিক বিষয় হবে বাংলা, ইংরেজি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি। তবে নতুন বিষয়ে মাত্র একটি পার্ট থাকবে। সব বিষয়ে সপ্তাহে পাঁচটি ক্লাসের কথা বলা থাকলেও নতুন সংযোজিত বিষয়ে সপ্তাহে ক্লাস হবে তিনটি। মাদ্রাসা শিক্ষা বোর্ডের দাখিল শিক্ষার্থীদের ১৩০০ নম্বরের বদলে ১৪০০ নম্বরের পরীক্ষা দিতে হবে। এছাড়া 'ইসলামী শিক্ষা' নামে সাধারণ শিক্ষায় নতুন বিভাগ সংযোজন করায় এখন মোট বিভাগ ছয়টি। ইসলাম শিক্ষা বিভাগের শিক্ষার্থীদের জন্য আবশ্যিক ৫০০ নম্বরের সাথে ইসলাম শিক্ষা, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এবং আরবি এ তিন বিষয়ে ৩০০ নম্বর শাখাভিত্তিক আবশ্যিক বিষয় থাকবে। এ ছাড়া সমাজবিজ্ঞান, সমাজকর্ম, কৃষিশিক্ষা, গার্হস্থ্য বিজ্ঞান, মনোবিজ্ঞান, যুক্তিবিদ্যা, ভূগোল ও অর্থনীতি বিষয়ের মধ্য থেকে যেকোনো একটি ২০০ নম্বরের চতুর্থ বিষয় হিসেবে নেয়া যাবে। এতদিন মানবিক বিভাগের শিক্ষার্থীরা বিভাগভিত্তিক আবশ্যিক বিষয় হিসেবে ইসলাম শিক্ষা, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি কিংবা আরবি বিষয় পড়ার সুযোগ পেত ◆

## প্রাইম ব্যাংকের মোবাইল এয়ারটাইম রিচার্জ চালু

বেসরকারি ব্যাংকিং সেবাদাতা প্রতিষ্ঠান প্রাইম ব্যাংক লিমিটেড গ্রাহকদের জন্য মোবাইল এয়ারটাইম রিচার্জ সুবিধা চালু করেছে। ইন্টারনেটভিত্তিক ব্যাংকিং সুবিধা ব্যবহার করে এ সুবিধা পাবেন গ্রাহকরা। এ লক্ষ্যে গত ২০ মে প্রাইম ব্যাংক ও মোবাইলভিত্তিক সেবাদানকারী প্রতিষ্ঠান সফটওয়্যার শপ লিমিটেডের (এসএসএল) সাথে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তির স্বাক্ষর করেন প্রাইম ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক ও চিফ অপারেটিং অফিসার ইমার্জিং মার্কেট তাবারক হোসেন ভুঁইয়া ও এসএসএলের চিফ অপারেটিং অফিসার আনিসুল ইসলাম। উপস্থিত ছিলেন সংশ্লিষ্ট কর্মকর্তারা। অনুষ্ঠানে জানানো হয়, নতুন এ সেবার মাধ্যমে ব্যাংকের গ্রাহকরা যেকোনো সময় যেকোনো স্থান থেকে ইন্টারনেট ব্যাংকিংয়ের মাধ্যমে তাদের মোবাইল ব্যালেন্স রিচার্জ করতে পারবেন ◆



## বিসিএস এর নতুন সভাপতি মোস্তাফা জব্বার

বাংলাদেশ কমপিউটার সমিতির (বিসিএস) নতুন সভাপতি নির্বাচিত হয়েছে মোস্তাফা



জব্বার। তিনি ২০১২-১৩ মেয়াদের অবশিষ্ট সময়কালের জন্য (৩১ ডিসেম্বর ২০১৩ পর্যন্ত) সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন। গত ৩০ মে কার্যনির্বাহী কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

উল্লেখ্য, বাংলাদেশ কমপিউটার সমিতির সভাপতি ফয়েজউল্যাহ খান ২০১২-২০১৩ মেয়াদকালের কার্যনির্বাহী কমিটির সভাপতির পদ থেকে গত ১ জানুয়ারি পদত্যাগ করেন। সমিতির বিধি অনুসারে নতুন সভাপতি নির্বাচিত করার পূর্ব পর্যন্ত সহ-সভাপতি মঈনুল ইসলাম পদাধিকার বলে ভারপ্রাপ্ত সভাপতির দায়িত্ব গ্রহণ করেন। সভায় নতুন সভাপতি নির্বাচনের আলোচ্যসূচি অনুসারে নির্বাচনের প্রক্রিয়ায় পরিচালক মোস্তাফা জব্বার সভাপতির শুন্য পদে প্রার্থী হওয়ার ইচ্ছা প্রকাশ করেন। উক্ত পদে আর কোন প্রার্থী না থাকায় কার্যনির্বাহী কমিটি সর্বসম্মতভাবে মোস্তাফা জব্বারকে অবশিষ্ট সময়কালের জন্য সভাপতি নির্বাচিত করেন। পুনঃগঠিত কার্যনির্বাহী কমিটির অন্যান্যরা হলেন, সহ-সভাপতি মঈনুল ইসলাম, মহাসচিব শাহিদ-উল-মুনীর, কোষাধ্যক্ষ জাবেদুর রহমান শাহীন, পরিচালক এ টি শফিক উদ্দিন আহমেদ, ফয়েজউল্যাহ খান ও মজিবুর রহমান স্বপন ◆

## ৯ মিলিয়ন ডলারের বিয়ে!

ফেসবুকের প্রথম প্রেসিডেন্ট শন পার্কার বিয়ে করেছেন। ক্যালিফোর্নিয়াতে গত ১ জুন বাগদত্তা আলেকজান্দ্রা লিনাসকে বিয়ে করেছেন ন্যাপস্টারের প্রতিষ্ঠাতা কোটিপতি এই প্রযুক্তি-



উদ্যোক্তা। যেমন তেমন বিয়ে নয়, খোদ ফেসবুক প্রতিষ্ঠাতা মার্ক জুকারবার্গসহ সিলিকন ভ্যালির সবচেয়ে বেশি খরচে (৯ মিলিয়ন ডলার) বিয়ের আয়োজন করলেন এই কোটিপতি দম্পতি।

৩৩ বছর বয়সী পার্কারের বিয়েতে তাদের শিশুকন্যা উইন্টারসহ ৩০০ জনেরও বেশি অতিথি উপস্থিত ছিলেন। বিয়েতে নবদম্পতি পরেছিলেন অস্কারজয়ী কস্টিউম ডিজাইনার এনজিলা ডিকসনের নকশা করা পোশাক। বিয়ের জন্য যে অস্থায়ী নাচের মঞ্চ তৈরি করা হয়, সেটির খরচ পড়েছে ৩ লাখ ৫০ হাজার মার্কিন ডলার। ফুল ও দৃষ্টিনন্দন গাছের পিছনে খরচ হয়েছে ১ মিলিয়ন ডলার। এছাড়া ৬ লাখ ডলারে পাথরের তৈরি ফটক তৈরি করা হয় ◆

## ক্রিয়েটিভ আইটি ইনস্টিটিউটে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ

ক্রিয়েটিভ আইটি ইনস্টিটিউটে বিভিন্ন মেয়াদী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণে ভর্তি চলছে। এসব কোর্সের মধ্যে রয়েছে গ্রাফিক্স ডিজাইন, ওয়েব অ্যান্ড ইন্টার‍্যাক্টিভ, সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন, ডিজিটাল ফিল্ম মেকিং, ইন্টেরিয়র অ্যান্ড এক্সটেরিয়ন এবং থ্রিডি অ্যানিমেশন। ভর্তির আগেই তিনটি ফ্রি ক্লাস করার ও সুবিধামত সময়ে প্রশিক্ষণ নেওয়ার সুযোগ রয়েছে। এছাড়া যেকেনো একটি প্রশিক্ষণ নিলে বিনামুল্যে আউটসোর্সিং প্রশিক্ষণ দেওয়া হয়। যোগাযোগ : ০১১৯৩০৯৪৫৪৫, ০১৭১৪১৩৪৪২৪। ওয়েব : creativeit-inst.com ◆

## বাংলাদেশকে সম্ভাবনাময় দেশ হিসেবে নিয়েছে ডেল

তথ্যপ্রযুক্তির অগ্রযাত্রায় উন্নত বিশ্বের সাথে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ। এশিয়ার এই অঞ্চলটি বিশ্বের দ্বিতীয় বৃহত্তম বাজার, আর সেখানে বাংলাদেশও তথ্যপ্রযুক্তি ক্ষেত্রে সম্ভাবনাময় একটি দেশ। তাই বাংলাদেশে অধিক বিনিয়োগের বিষয়টি সবাই আমলে নিচ্ছে। প্রযুক্তি পণ্য নির্মাতা প্রতিষ্ঠান ডেলও বাংলাদেশকে সম্ভাবনাময় দেশ হিসেবে নিয়েছে। তাই ধারাবাহিকভাবে বাংলাদেশে তাদের ব্যবসার সম্প্রসারণ ও বিনিয়োগ বাড়াচ্ছে। গত ৩০ মে বিকেলে গুলশানের ডেল কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এমনটাই জানান ডেলের ইন্দোনেশিয়া ও সাউথ এশিয়া ডেভেলপিং মার্কেটস এর ম্যানেজিং ডিরেক্টর সালেহ এম হাজী মুনশি। এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশের কান্ট্রি ম্যানেজার সোনিয়া বশির কবির।

সংবাদ সম্মেলনে সালেহ এম. হাজী মুনশি বাংলাদেশে ডেল এর ভবিষ্যৎ কার্যক্রমের উপর আলোকপাত করেন। তিনি বলেন, বাংলাদেশের বিভিন্ন ক্ষেত্রে ডেল তাদের ব্যবসাকে সম্প্রসারণে এগিয়ে যাচ্ছে। ইতিমধ্যে নারীর ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিনামুল্যে ক্লাউড সেবা দেওয়া হচ্ছে। আগামীতে শিক্ষার্থীদের নিয়ে বিশেষ কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া বাংলাদেশের জন্য ব্যবসা উপযোগী সলিউশন প্রদান এবং ডাটা ম্যানেজমেন্ট নিয়ে কার্যক্রম পরিচালনা করা হবে। খুব শীঘ্রই টাচ সমৃদ্ধ উইন্ডোজ এইট ট্যাবলেট বাজারজাত করা হব ◆

## রেডহ্যাট লিনআক্স ৬ কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে রেডহ্যাট লিনআক্স ৬ কোর্সে শুক্র ও শনিবার সান্ধ্যকালীন ব্যাচে ভর্তি চলছে। ৯০ ঘণ্টার এ কোর্সে সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন, নেটওয়ার্ক ও সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশন এবং সার্ভার কনফিগারেশন প্রশিক্ষণ দেয়া হবে। কোর্স শেষে রেডহ্যাট সার্টিফিকেট দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮ ◆

## ওকেএনএফ বাংলাদেশের অ্যাম্বাসেডর হলেন সাংবাদিক হাছিব

ওপেন সোর্স ভিত্তিক বিভিন্ন কর্মকান্ড পরিচালনাকারী যুক্তরাজ্য ভিত্তিক আন্তর্জাতিক সংগঠন ওপেন নলেজ ফাউন্ডেশন নেটওয়ার্কের (ওকেএফএন) বাংলাদেশ অ্যাম্বাসেডর হয়েছেন



সাংবাদিক নুরুন্নবী চৌধুরী হাছিব। সম্প্রতি আনুষ্ঠানিক ভাবে ওকেএফএনের পক্ষ থেকে আনুষ্ঠানিক এ ঘোষনা দেওয়া হয়। দেশের জাতীয় দৈনিক প্রথম আলো'তে কর্মরত নুরুন্নবী হাসিব ২০০৭ সাল থেকে মুক্ত সফটওয়্যার বিষয়ক নানা আয়োজন এবং কর্মকান্ডের সঙ্গে জড়িত। তিনি বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্কের (বিডিওএসএন) কোষাধ্যক্ষ এবং জনসংযোগ সমন্বয়ক। এছাড়াও তিনি ২০০৮ সাল থেকে ইন্টারনেটে মুক্ত বিশ্বকোষ বাংলা উইকিপিডিয়ায় নিয়মিত নিবন্ধ লেখা এবং সম্পাদনার কাজ করছেন। বাংলা উইকিপিডিয়া ছাড়াও উইকিমিডিয়া কমনসসহ উইকিমিডিয়া ফাউন্ডেশনের বিভিন্ন প্রকল্পে সক্রিয় তিনি।

ওকেএফএন সম্পর্কে নুরুন্নবী হাছিব জানান, ২০০৪ সালে প্রতিষ্ঠিত ওপেন নলেজ ফাউন্ডেশন সারাবিশ্বেই মুক্ত তথ্যের পাশাপাশি নানা ধরনের ওপেন সোর্স ভিত্তিক প্রকল্প নিয়ে কাজ করে। সংগঠনটির নানা কার্যক্রম এবং সুবিধাগুলোকে সবার মাঝে ছড়িয়ে দিতে চাই ◆

## আইপিভি৬ ও নেটওয়ার্ক নিরাপত্তা বিষয়ক কর্মশালা

ইন্টারনেট সোসাইটি বাংলাদেশ ঢাকা চ্যাপ্টার ও এশিয়া প্যাসিফিক নেটওয়ার্ক ইনফরমেশন সেন্টারের (এপনিক) যৌথ আয়োজনে গত ২১-২৪ মে ঢাকার রমনায় ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স বাংলাদেশের (আইইবি) ইঞ্জিনিয়ার্স রিক্রিয়েশন ক্লাবে (ইআরসি) আইপিভি৬ ও নেটওয়ার্ক সিকিউরিটি বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় গণমাধ্যম, আর্থিক প্রতিষ্ঠান, ইন্টারনেট সেবাদানকারী প্রতিষ্ঠানসহ বিভিন্ন প্রতিষ্ঠানের অর্ধশতাধিক তথ্যপ্রযুক্তি কর্মকর্তা অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানে বক্তারা বলেন, ভবিষ্যতে কানেক্টিভিটি বাড়ানোর জন্য আইপিভি৬ ডেপলয়মেন্ট খুব জরুরি। বাংলাদেশে এ বিষয়ে সরকারি ও বেসরকারি যৌথ উদ্যোগ নেয়া উচিত। কর্মশালায় অংশগ্রহণকারীদের মধ্যে লটারির মাধ্যমে একজন অংশগ্রহণকারীকে ওয়ালটনের সৌজন্যে একটি স্মার্টফোন দেয়া হয়। কর্মশালার ব্যান্ডউইডথ স্পন্সর ছিল ফাইবার অ্যাট হোম ◆

## বাজারে জেরক্সের নতুন প্রিন্টার

দেশের বাজারে বিশ্বখ্যাত জেরক্স ব্র্যান্ডের সাধারণ ও মাল্টিফাংশনাল প্রিন্টার এনেছে আইওই (বাংলাদেশ) লিমিটেড। সম্প্রতি রাজধানীর একটি রেস্টুরেন্টে এসব পণ্যের আনুষ্ঠানিক উদ্বোধন ও কর্মশালা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে পণ্যগুলোর নানা দিক তুলে ধরেন আইওই (বাংলাদেশ) লিমিটেডের হেড অব অপারেশন জেরিফ আফতাব ও বিজনেস ডেভেলপমেন্ট ম্যানেজার নাসরিন হোসেন। এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানটির পরিবেশকেরা।

অনুষ্ঠানে জানানো হয়, প্রযুক্তিব্যক্তিত্ব আফতাব-উল-ইসলামের দক্ষ পরিচালনায় আইওই (বাংলাদেশ) লিমিটেড দেশের বাজারে দুই যুগেরও বেশি সময় প্রযুক্তিপণ্য ও সেবা দিয়ে আসছে। ২০০৩ সালে প্রতিষ্ঠানটি জেরক্সের একক অথরাইজড পার্টনারশিপ লাভ করে। জেরক্সের নতুন আমদানি করা পণ্যগুলোর মধ্যে রয়েছে ফেজার ৩০৪০, ফেজার ৩৩২০, ওয়ার্কসেন্টার ৩০৪৫, ওয়ার্কসেন্টার ৫০১৯, ওয়ার্কসেন্টার ৫০২১ এবং ওয়ার্কসেন্টার ৫০২১ডি।

উচ্চক্ষমতাসম্পন্ন ফেজার ৩০৪০ প্রিন্টারটি মিনিটে ২৪ পৃষ্ঠা এবং ওয়ার্কসেন্টার ৩০৪৫ মিনিটে ২৪ পৃষ্ঠা প্রিন্ট ও কপি করতে পারে। রয়েছে স্ক্যান ও ফ্যাক্স সুবিধা। প্রিন্টারগুলোতে ব্যবহার হয়েছে পরিবেশবান্ধব ইএ টোনার। ১৫০ মেগাহার্টজের প্রসেসর ও ৬৪ মেগাবাইট র‌্যামবিশিষ্ট ফেজার ৩০৪০ প্রিন্টারটি কমান্ড দেয়ার মাত্র ৮ সেকেন্ড পর থেকেই প্রিন্ট শুরু করে। প্রিন্টারগুলো আইওই'র হেড অফিস-ওয়ালী সেন্টার, ৭৪ গুলশান অ্যাভিনিউ, গুলশান-১ থেকে বা আইওই'র শাখা অফিস থেকে সংগ্রহ করা যাবে। এছাড়া এলিফ্যান্ট রোডের মাল্টিপ্লান সেন্টার ও আইডিবি ভবনের চ্যানেল পার্টনার থেকেও প্রিন্টারটি সুলভ মূল্যে সংগ্রহ করা




## বাজারে ইউবিস্লেট স্মার্টফোন ট্যাবলেট

বিশ্বখ্যাত ইউবিস্লেট স্মার্টফোন ট্যাবলেট পিসি বাংলাদেশের বাজারে এনেছে এএমডব্লিউ ইলেকট্রনিক্স লিমিটেড। বেশ কয়েকটি মডেলের মধ্যে ৭সিআই'র রয়েছে কোর্টেক্স এ৮ মানের ১ গিগাহার্টজ উন্নত প্রসেসর, ৪ গিগাবাইট বিল্টইন হার্ডডিস্ক, ৫১২ মেগাবাইট র‌্যাম, অ্যান্ড্রয়িড ৪.০.৩ অপারেটিং সিস্টেম, ৭ ইঞ্চি ৫ পয়েন্ট টাচ ক্যাপটিন স্ক্রিন, ওয়াইফাই, মাইক্রোএসডি ও মিনি ইউএসবি পোর্টসহ প্রয়োজনীয় সব সুবিধা। ১ বছরের বিক্রয়োত্তর সেবাসহ ইউবিস্লেট ৭সিআই ৯ হাজার ৭০০ টাকা, ইউবিস্লেট ৭সিপ্লাস ১১ হাজার ৭০০ টাকা ও ইউবিস্লেট ৭সিজেড ১৩ হাজার ৭০০ টাকায় পাওয়া যাচ্ছে। শিক্ষার্থীদের ক্ষেত্রে নগদ ক্রয়ে বিশেষ মূল্যছাড় ও কিস্তিতে কেনার সুবিধা রয়েছে। যোগাযোগ : ০১৭৩৩২২২৮৯৯

## আসছে অ্যাপলের অদৃশ্য বাটনের আইফোন

টেক জায়ান্ট অ্যাপল অদৃশ্য বাটনের আইফোন তৈরি করবে। ইতোমধ্যে ইউএস প্যাটেন্ট অ্যান্ড ট্রেডমার্ক থেকে আইফোন 'ডিস-অ্যাপিয়ারিং বাটন অ্যান্ড স্লাইডার' নামে একটি পেটেন্ট নিবন্ধন করা হয়েছে। অ্যাপল জানিয়েছে, বিশেষ এ আইফোনগুলোতে কিছু সূক্ষ্ম ছিদ্র থাকবে, যার মাঝে বাটনগুলো প্রায় লুকানো অবস্থায় থাকবে। বাটনগুলো এবং আইফোনটি একই ধাতুর তৈরি হবে। ফলে আইফোন থেকে বাটনগুলো আলাদা দেখা যাবে না। লুকানো বাটনগুলো ব্যবহারকারীর আঙুলের ইশারা এমনকি শব্দের মাধ্যমে কাজ করবে। এছাড়া স্লাইডার সিস্টেমটিতেও এটি একইভাবে কাজ করবে। প্রয়োজনে সক্রিয় করা যাবে। প্রযুক্তিটি আইফোন ছাড়াও ল্যাপটপ এবং গেমিং কনসোলে ব্যবহার করতে পারবে অ্যাপল ◆

## জি-মেইলের মাধ্যমে অর্থ লেনদেন সুবিধা

গুগলের জনপ্রিয় লেনদেন সুবিধা গুগল ওয়ালেটে পরিবর্তন আসছে। এখন থেকে ব্যবহারকারীরা গুগলের মেইল সেবা জি-মেইলের মাধ্যমে অর্থ লেনদেনের সুবিধা এনেছেন। ফলে তারা যেকোনো লেনদেন পরিশোধ করতে পারবেন জি-মেইলে বসেই। সম্প্রতি গুগলের আইও সম্মেলনে এ ঘোষণা আসে। আর এ সুবিধা দিতে ইতোমধ্যেই জি-মেইলের চ্যাট বক্সে ডলার সাইন যুক্ত করা হয়েছে। যেখানে ক্লিক করে ব্যবহারকারীরা প্রাপককে অর্থ দিতে পারবেন। ডেবিট অথবা ক্রেডিট কার্ডের মাধ্যমে অর্থ লেনদেনে অবশ্য ব্যবহারকারীকে বাড়তি ফি দিতে হবে। প্রতিটি লেনদেনের জন্য ফি হিসেবে ২.৯ শতাংশ অথবা সর্বনিম্ন দশমিক ৩০ ডলার গুনতে হবে ব্যবহারকারীকে ◆

## বাবা দিবস উপলক্ষে উপহার বিডিতে বিশেষ ছাড়!

১৬ জুন বিশ্বব্যাপী পালিত হবে বাবা দিবস। এ উপলক্ষে অনলাইনে কেনাবেচার ওয়েবসাইট উপহারবিডি ডটকমে চলছে বিশেষ ছাড়। বাবা দিবস উপলক্ষে সাজানো হয়েছে পণ্যের সম্ভার। এসব পণ্যের মধ্যে রয়েছে গিফট হ্যাম্পার,

UpoharBd
Gift Delivery Service in Bangladesh

পাঞ্জাবি, শার্ট, কেএফসি বাকেট ও চকলেট কেক, ব্রাড গ্লুকোজ মিটার, বইসহ নিত্যপ্রয়োজনীয় উপহার সামগ্রী। আর প্রতিটি পণ্যেই থাকছে ৬ শতাংশ ছাড়। পণ্যগুলো বাবা দিবসের পরও সারা বছর পাওয়া যাবে। বাংলাদেশের যেকোনো প্রান্তেই পাঠানো যাবে এসব উপহার। আর প্রতিটি উপহারের সাথেই বিনামূল্যে লাল গোলাপ তো থাকছেই। যোগাযোগ : ০১৭১১৯৭৬৫৮৫, ঠিকানা : ïïï.ঢ়ড়যধৎনফ.পড়স ◆

## ডাটাবেজ সফটওয়্যার ওরাকল প্রশিক্ষণ

আইবিসিএস-প্রাইমেক্সে চলতি মাস থেকে ওরাকল ১০জি ডিবিএ ভেন্ডর সার্টিফিকেশন কোর্সে শুক্র ও শনিবারের ব্যাচে ভর্তি চলছে। অভিজ্ঞ প্রশিক্ষকদের তত্ত্বাবধানে এ কোর্স শেষ করে প্রশিক্ষণার্থীরা বিভিন্ন ব্যাংক, বীমা এবং বহুজাতিক কোম্পানিতে চাকরির সুযোগ পাবেন। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮ ◆


## ২ লাখে পৌঁছল কমপিউটার সোর্সের ফেসবুক বন্ধু

সম্প্রতি ফেসবুকে দুই লাখ ফেসবুক বন্ধুর মাইলফলক স্পর্শ করেছে কমপিউটার সোর্সের দাফতরিক ফ্যান পেজ। আর এই টু-কে ফেসবুক বন্ধুটি হচ্ছেন কুষ্টিয়া সরকারি কলেজের শিক্ষার্থী সাঈদ একরাম। হালনাগাদ প্রযুক্তিপণ্যের খোঁজখবর ছাড়াও ব্যবহারকারীরা প্রতিমুহূর্তে কমপিউটার সোর্সের ফেসবুক ফ্যান পেজ (যঃঃঢ়ং://ïïï.ভধপবনড়ড়শ.পড়স/ঈড়সঢ়ঁঃবৎঝড়ঁৎপব) থেকে নিজেদের জিজ্ঞাসার জবাব পেয়ে থাকেন। নিয়মিত বিরতিতে আয়োজন করা হয় ফেসবুকভিত্তিক বিভিন্ন প্রতিযোগিতার ◆

## জাভা ভেন্ডর সার্টিফিকেশন কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে জাভা প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ প্রশিক্ষণে ভর্তি চলছে। প্রশিক্ষণে কোর্সের অরিজিনাল স্টাডি মেটেরিয়াল, অনলাইন পরীক্ষার জন্য ২৫ শতাংশ ডিসকাউন্ট ভাউচার এবং কোর্স শেষে ওরাকল থেকে সার্টিফিকেট দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮ ◆

## আসুসের পিসিআই এক্সপ্রেস সাউন্ড কার্ড



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে আসুসের নতুন সাউন্ড কার্ড। ২৪ বিট এবং ১৯২ কিলোহার্টজ অডিও প্রসেসরের এ সাউন্ড কার্ডটিতে রয়েছে অপটিক্যাল ডিজিটাল আউটপুট, ইএমআই শিল্ড ডিজাইন, নিচিকন ফাইন গোল্ড ক্যাপাসিটর, ২ জোড়া আরসিএ জ্যাক, ৬.৩ মিলিমিটার স্টেরিও ইনপুট এবং আউটপুট জ্যাক। দাম ১২ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯৩৮

## পিসিআই ব্র্যান্ডের নতুন ইথারনেট সুইচ



সেইফ আইটি সার্ভিসেস লি. বাজারে এনেছে পিসিআই ব্র্যান্ডের এফএক্স-১৬ আইআরএম মডেলের ইথারনেট সুইচ। এতে রয়েছে ১৬টি ১০/১০০ এমবিপিএস আরজে-৪৫ পোর্ট। সর্বাধুনিক সুবিধাসহ রয়েছে ১৬০ কেবি বাফার মেমরি, ৮-কে ম্যাক অ্যাড্রেস এন্ট্রি, পরিবেশবান্ধব প্রযুক্তি। প্লাগ অ্যান্ড প্লে ফাংশনের এ সুইচটির দাম ৩ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৮১৭১৪৯৩০৫

## পিএইচপি ও মাইএসকিউএল প্রশিক্ষণে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে প্রফেশনাল পিএইচপি প্রশিক্ষণের জুন সেশনে ভর্তি চলছে। রিয়েল লাইফ প্রজেক্টসহ ৯০ ঘণ্টার এ প্রশিক্ষণে পিএইচপির পাশাপাশি রয়েছে অ্যাজাক্স, জেকোয়ারি, জুমলা এবং অ্যাডভান্স অবজেক্ট অরিয়েন্টেড টেকনিক। যোগাযোগ : ০১৭১৩৩-৯৭৫৬৭-৮

## এমএসআই ব্র্যান্ডের এ৭৫এমএ-পি৩৩ মাদারবোর্ড

ইউসিসি বাজারে এনেছে এএমডি চিপসেটের এফএম২ সকেটের এ৭৫এমএ-পি৩৩ মাদারবোর্ড। ডুয়াল গ্রাফিক্স সমর্থন করা ছাড়াও ইউএসবি ৩.০, ৬ জিবি সাটা, ডিডিআরথ্রি এবং ২ জিবি ডিএক্স ১১ গ্রাফিক্স সমর্থন করে। রয়েছে তিন বছরের বিক্রয়োত্তর সেবা। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১-১৭



## সিসিএনএ কোর্সে ভর্তি চলছে

আইবিসিএস-প্রাইমেক্সের সিসিএনএ কোর্সে বিশেষ ছাড়ে ভর্তি চলছে। অভিজ্ঞ প্রশিক্ষক দিয়ে বাস্তবভিত্তিক প্রশিক্ষণ দেয়া হয়। কোর্স শেষে অনলাইন সার্টিফিকেশন পরীক্ষার ব্যবস্থা আছে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮

## প্রমেট্রিক অথরাইজড টেস্ট সেন্টার স্বীকৃতি লাভ

আইবিসিএস-প্রাইমেক্সে সফটওয়্যার (বাংলাদেশ) লি: প্রমেট্রিক অথরাইজড টেস্ট সেন্টার স্বীকৃতি লাভ করেছে। এখন থেকে প্রতিষ্ঠানটিতে মাইক্রোসফটসহ প্রমেট্রিকের অধীনে সব সার্টিফিকেশন পরীক্ষা দেয়া যাবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮

## কিস্তিতে স্যামসাং নোটবুক দিচ্ছে কমপিউটার সোর্স




কিস্তিতে স্যামসাং নোটবুক কেনার সুবিধা চালু করেছে কমপিউটার সোর্স। গত ১৫ মে থেকে ১২ মাস মেয়াদী সুদমুক্ত এ বিশেষ সুবিধা চালু করা হয়। স্যামসাং ব্র্যান্ডের সর্বশেষ বাজারে আনা স্যামসাং সিরিজ নাইনের অমর এনপি ৯০০ এক্সথ্রিসি (এও১বিডি, এও২বিডি), সিরিজ ফাইভের লোটাস এনপি৫৩০ইউ৪সি (এসও২বিডি, এসও১বিডি) ও এনপি৫৩৫ওইউ৪সি-এও১বিডি এবং অ্যাটিভ মডেলের এক্সইট৫০০টি১সি-এও১বিডি নোটবুক কেনার ক্ষেত্রে অ্যামেক্স ও ব্র্যাক ব্যাংক ক্রেডিট কার্ড গ্রাহকেরা এ বিশেষ সুযোগ গ্রহণ করতে পারবেন। কিস্তি সুবিধার প্রতিটি নোটবুকই উইন্ডোজ ৮ অপারেটিং সিস্টেমসমৃদ্ধ। যোগাযোগ : ০১৭১২০৩৩৮২৭

## ব্রাদার ব্র্যান্ডের অল ইন ওয়ান কালার লেজার প্রিন্টার



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে ব্রাদার ব্র্যান্ডের এমএফসি-৯৪৬০সিডিএন মডেলের অল ইন ওয়ান কালার লেজার মাল্টিফাংশন প্রিন্টার। এতে প্রিন্টার ছাড়া রয়েছে কপিয়ার, স্ক্যানার এবং ফ্যাক্স। ২৪ পিপিএম প্রিন্টিং গতির ডিভাইসটিতে রয়েছে ১২৮ মেগাবাইট মেমরি, অটো ডুপ্লেক্স ফিচার, ৩৫ পৃষ্ঠা অটো ডকুমেন্ট ফিডার, ৩০০ পৃষ্ঠা পেপার ইনপুট ট্রে প্রভৃতি। দাম ৭২ হাজার টাকা। যোগাযোগ : ০১৯১৫৪৭৬৩২৯

## এসপি ব্র্যান্ডের নতুন গেমিং ক্যাসিং



সেইফ আইটি সার্ভিসেস লি. বাজারে এনেছে এসপি ব্র্যান্ডের ই৬১০০-সিএ মডেলের আকর্ষণীয় গেমিং ক্যাসিং। ডিজিটাল ডিসপ্লে সুবিধা থাকায় ঘড়ি, তাপমাত্রা, হার্ডডিস্কের অবস্থা প্রদর্শন করে। রয়েছে হাই স্পিড ট্রান্সমিশন, আকর্ষণীয় ডিজাইন, শক্তিশালী কুলিং সিস্টেম প্রভৃতি। দাম ৫ হাজার টাকা। যোগাযোগ : ০১৮১৭১৪৯৩০৫

## কণিকা মিনোল্টার অল ইন ওয়ান মনোক্রম লেজার প্রিন্টার



সেইফ আইটি সার্ভিসেস লি. বাজারে এনেছে জাপানের কণিকা মিনোল্টা ব্র্যান্ডের পেজপ্রো ১৩৯০এমএফ মডেলের নতুন মনোক্রম মাল্টিফাংশনাল লেজার প্রিন্টার। প্রিন্টারের পাশাপাশি এটি কপিয়ার, ফ্যাক্স এবং স্ক্যানার। রয়েছে ২০ পিপিএম প্রিন্ট ও কপি স্পিড, ১২০০ ডিপিআই রেজ্যুলেশন, ৪৮ এমবি স্ট্যান্ডার্ড মেমরি, মাসে ১৫০০০ পৃষ্ঠা প্রিন্ট/কপি, ২৫০ শিট মাল্টি পারপাস ট্রে, ২৪ বিট কালার স্ক্যান, ৫০ পৃষ্ঠা অটো ডকুমেন্ট ফিডার এবং ডকুমেন্ট গ্লাস ব্যবহার করে সিঙ্গেল পেজ কপি বা স্ক্যান করা যায়। ইউএসবি ২.০ ও নেটওয়ার্ক ইন্টারফেসের এ প্রিন্টারটির দাম ২৬ হাজার টাকা। যোগাযোগ : ০১৮১৭১৪৯৩০৫

## বাজারে আসুসের নেক্সাস ৭ ট্যাবলেট





গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে আসুসের নেক্সাস ৭ মডেলের ট্যাবলেট পিসি। অ্যান্ড্রয়িড ৪.২ জেলিবিন মোবাইল অপারেটিং সিস্টেমের ও ১.২ গিগাহার্টজ এনভিডিয়া টেগরা ৩ কোয়াড কোর প্রসেসরে চালিত ট্যাবলেটটিতে রয়েছে ৭ ইঞ্চির কর্নিং ফিট গ্লাসের মাল্টিটাচ ডিসপ্লে। থ্রিজি, ১ জিবি র‍্যাম, ৩২ জিবি ডাটা স্টোরেজ, ওয়েবক্যাম, জিপিএস, সর্বোচ্চ ১০ ঘণ্টা পাওয়ার ব্যাকআপের লিথিয়াম-পলিমার ব্যাটারি সংবলিত ট্যাবলেটির দাম ৩৬ হাজার টাকা। যোগাযোগ : ০১৯১৫৪৭৬৩৫৫

## পানিতে চার্জ হবে মোবাইল!

পানির মাধ্যমে চার্জ দেয়া যাবে মোবাইল। অবাক হওয়ার কিছু নেই। সম্প্রতি সুইডেনের গবেষকেরা মাইএফসি পাওয়ার সকেট নামে এমন এক চার্জার উদ্ভাবন করেছেন, যা পানি দিয়ে চলবে। ফলে বিদ্যুৎ কিংবা সৌরশক্তি না থাকলেও এ চার্জারের মাধ্যমে ব্যবহারকারীরা তার প্রয়োজনীয় ফোনটি চার্জ দিতে পারবেন। স্টকহোমের কেটিএইচ রয়্যাল ইনস্টিটিউট অব টেকনোলজির গবেষকদের উদ্ভাবিত এ প্রযুক্তির মাধ্যমে ৩ ওয়াট পর্যন্ত চার্জ দেয়া যাবে। মাইএফসির প্রতিষ্ঠাতা অ্যান্ডারস ল্যান্ডব্লাড বলেন, ডিভাইসটিতে একটি ইউএসবি পোর্ট আছে মোবাইলে চার্জ দেয়ার জন্য। ডিভাইসটির ছোট রিসাইকেল গর্তটিতে বিশুদ্ধ পানি দেয়ার পর অক্সিজেন এবং হাইড্রোজেনের বিক্রিয়ায় বৈদ্যুতিক শক্তি উৎপন্ন হয়। এ বৈদ্যুতিক শক্তি ব্যবহার করে শতকরা ২৫-১০০ ভাগ পর্যন্ত চার্জ দেয়া যায়। প্রযুক্তিটি ল্যাপটপেও ব্যবহার করা যাবে বলে জানিয়েছেন গবেষকেরা


## ট্রান্সসেন্ড ব্র্যান্ডের নতুন জেপি ৭৩০ পেনড্রাইভ



ইউসিসি বাজারে এনেছে ট্রান্সসেন্ড ব্র্যান্ডের ১৬ জিবি এবং ৩২ জিবি মেমরির পেনড্রাইভ জেপি ৭৩০। ইউএসবি ৩.০ ইন্টারফেসের এ পেনড্রাইভ উইন্ডোজ, ম্যাক এবং লিনআক্স অপারেটিং সিস্টেমের প্রায় সব সংস্করণ সমর্থন করে। লাইফটাইম বিক্রয়োত্তর সেবাসহ দাম যথাক্রমে ১২০০ এবং ২৫০০ টাকা। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১-১৭ ◆

## গ্রামীণ জনগণের জন্য তথ্যসম্ভার নিয়ে কমিউনিটি রেডিও

বাংলাদেশের গণমাধ্যম জগতের ব্যাপক প্রসার এনে দিয়েছে কমিউনিটি রেডিও। ১৪টি কমিউনিটি রেডিওর প্রত্যেকটিই ১৭ কিলোমিটারের পরিধিতে সম্প্রচার করে থাকে, যেগুলোর বেশিরভাগই ঘনবসতিপূর্ণ। স্থানীয় ডিএই অফিসের তথ্যানুযায়ী বরগুনার রেডিও লোকবেতারের সম্প্রচার শুনতে পায় প্রায় ৬ লাখ ৫০ হাজার জন। অপরদিকে স্থানীয় ইউনিয়ন পরিষদের তথ্যানুযায়ী, সীতাকুণ্ডের রেডিও সাগরের সম্প্রচার শুনতে পায় ২ লাখ ৭৭ হাজার ৬০০ জন। আর রাজশাহীর রেডিও পদ্মার সম্প্রচার শুনতে পায় প্রায় সাড়ে ৪ লাখ জনগণ। বর্তমানে দেশজুড়ে ১৪টি কমিউনিটি রেডিও কার্যক্রম পরিচালনা করছে, যার মাধ্যমে প্রচারিত হয় বিনোদন, কৃষি, স্বাস্থ্য এবং শিক্ষা সম্পর্কিত বিষয়। স্থানীয় কৃষ্টি বিচারে এনে এ রেডিওগুলো স্থানীয় উচ্চারণে অনুষ্ঠান প্রচার করে গ্রামীণ সমাজের তথ্য এবং বিনোদনমূলক চাহিদা পূরণ করছে। শ্রোতার সংখ্যা বৃদ্ধি এবং স্থানীয় জনগণের মাঝে রেডিও স্টেশনের প্রচারের উদ্দেশ্যে বিভিন্ন সচেতনতামূলক কার্যক্রমও পরিচালিত হচ্ছে। রেডিও লোকবেতারের স্টেশন ম্যানেজার তারেক মাহমুদ বলেন, যেহেতু এ কমিউনিটি রেডিওগুলো বিশেষ করে গ্রামীণ জনগণের উদ্দেশে সম্প্রচার করে, সেহেতু গ্রামীণ বাজারে তথ্য সম্প্রচারের ক্ষেত্রে এ রেডিওগুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি মাধ্যম। এগুলো শুধু তথ্য সম্প্রচারের ক্ষেত্রেই নয় বরং পণ্য বিপণনের ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে ◆




## এএসপি ডটনেট ইউজিং সি কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্স সফটওয়্যার (বাংলাদেশ) লিমিটেডে এএসপি ডটনেট ইউজিং সি, এসকিউএল সার্ভার প্রশিক্ষণে ভর্তি চলছে। এতে অ্যাজাক্স, জেকোয়ারি, এনটিটি ফ্রেমওয়ার্ক, ক্রিস্টাল রিপোর্ট শেখানো হবে। অভিজ্ঞ প্রশিক্ষক দিয়ে বাস্তবভিত্তিক প্রশিক্ষণ দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮ ◆

## স্যামসাং পণ্যের পরিবেশক হলো কমপিউটার সোর্স




স্যামসাং আইটি পণ্যের বাংলাদেশী পরিবেশক হয়েছে তথ্যপ্রযুক্তি পণ্য ও সেবাদানকারী প্রতিষ্ঠান কমপিউটার সোর্স। গত ১৩ মে বঙ্গবন্ধু সম্মেলন কেন্দ্রে আয়োজিত যৌথ সংবাদ সম্মেলনে এ তথ্য জানানো হয়। অনুষ্ঠানে কমপিউটার সোর্সের পরিচালক আসিফ মাহমুদ, স্যামসাং ইলেকট্রনিক্স লিমিটেডের কান্ট্রি ম্যানেজার (বাংলাদেশ) সিএস মুন, ডিজিএম আবুল হাসনাত সোহেল, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (সেলস অ্যান্ড মার্কেটিং টিম, আইটি সলিউশন) ইউরি আন উপস্থিত ছিলেন। সংবাদ সম্মেলনে জানানো হয়, দেশের বাজারে এখন থেকে স্যামসাং ব্র্যান্ডের ল্যাপটপ, প্রিন্টার ও মনিটর বাজারজাত করবে কমপিউটার সোর্স। একই সাথে কমপিউটার সোর্স পরিবেশিত স্যামসাং পণ্যের বিক্রয়োত্তর সেবাও দেবে প্রতিষ্ঠানটি। অনুষ্ঠানে স্যামসাং ব্র্যান্ডের সর্বশেষ বাজারে আনা নোটবুক, প্রিন্টার ও মনিটর প্রদর্শন করা হয় ◆

## আইবিসিএস-প্রাইমেক্স ও দি কমপিউটারসের চুক্তি স্বাক্ষর

সম্প্রতি আইবিসিএস-প্রাইমেক্স এবং দি কমপিউটারস লিমিটেডের (চট্টগ্রাম) মধ্যে তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ সম্পর্কিত চুক্তি স্বাক্ষরিত হয়। ফলে এখন থেকে বন্দরনগরী চট্টগ্রামে দি কমপিউটারস লিমিটেডে আইবিসিএস-প্রাইমেক্সের তত্ত্বাবধানে ওরাকল ইউনিভার্সিটি, রেডহ্যাট লিনআক্স, জেন্ড সার্টিফিকেশন কোর্সের অথরাইজড ট্রেনিং অনুষ্ঠিত হবে। যোগাযোগ : ০১৭৬০৪৮৬৭৯৫ (চট্টগ্রাম), ০১৭১৩৩৯৭৫৬৭-৮ (ঢাকা) ◆

## আসুসের ৫ম প্রজন্মের ওয়াইফাই রাউটার



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে আসুসের আরটি-এসি৬৬ইউ মডেলের নতুন রাউটার। ৫ম প্রজন্মের ৮০২.১১এসি ওয়াইফাই প্রযুক্তির ডুয়াল-ব্যান্ড গিগাবিট ওয়্যারলেসসমৃদ্ধ এ রাউটারটি ১.৭৫ গিগাবিট পার সেকেন্ড ডাটা রেটে ২.৫ গিগাহার্টজ এবং ৫ গিগাহার্টজ অপারেটিং সিস্টেমে কাজ করে। এআই রাডার প্রযুক্তির তিনটি এক্সটারনাল অ্যান্টেনা, গিগাবিট ওয়ান পোর্ট, ৪টি গিগাবিট ল্যান পোর্ট ও ইউএসবি পোর্টসমৃদ্ধ রাউটারটির দাম ১৬ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৯১৫৪৭৬৩৫৩ ◆

## প্রজেক্ট ম্যানেজমেন্ট প্রফেশনাল কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে প্রজেক্ট ম্যানেজমেন্ট প্রফেশনাল (পিএমপি) কোর্সে ভর্তি চলছে। সার্টিফায়েড প্রশিক্ষক দিয়ে চলতি মাসে ক্লাস শুরু হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮ ◆

## আসুসের থান্ডারবোল্ট প্রযুক্তির গেমিং মাদারবোর্ড



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে আসুসের ম্যাক্সিমাস ৫ এক্সট্রিম মডেলের নতুন মাদারবোর্ড। ইন্টেল জেড৭৭ চিপসেটের এ মাদারবোর্ড ইন্টেল ১১৫৫ সকেটের ৩য় এবং ২য় প্রজন্মের কোরআই ৭, কোরআই ৫, কোরআই ৩ প্রসেসর সমর্থন করে। রয়েছে এইচডিএমআই, ডিসপ্লে পোর্ট এবং থান্ডারবোল্ট সমর্থিত বিল্টইন গ্রাফিক্স প্রসেসর, ৫টি পিসিআই এক্সপ্রেস ৩.০ স্লট, ৪টি সাটা পোর্ট, ইউএসবি ৩.০ পোর্টসহ প্রয়োজনীয় সব সুবিধা। দাম ৪২ হাজার টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯৩৮ ◆

## সাফায়ার গ্রাফিক্স কার্ড




ইউসিসি বাজারে এনেছে সাফায়ার ৭ সিরিজের গ্রাফিক্স কার্ড। সাফায়ার এইচডি ৭৯৭০ (৩৮৪ বিট/জিডিডিআর ৫), সাফায়ার এইচডি ৭৯৫০ (৩৮৪ বিট/জিডিডিআর ৫), সাফায়ার এইচডি ৭৮৭০ (২৫৬ বিট/জিডিডিআর ৫), সাফায়ার এইচডি ৭৮৫০ (২৫৬ বিট/জিডিডিআর ৫) এবং সাফায়ার এইচডি ৭৭৭০ (১২৮ বিট/জিডিডিআর ৫) মডেলের কার্ডগুলোর অন্যতম প্রধান বৈশিষ্ট্য হলো ২৮ এনএম (ন্যানোমিটার) ফেব্রিকেশন প্রসেসে তৈরি। রয়েছে দুই বছরের বিক্রয়োত্তর সেবা। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১-১৭ ◆

## জিবেক্সের ডুয়াল লেজার বারকোড স্ক্যানার



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে জিবেক্স ব্র্যান্ডের জেড-৬০৭০ মডেলের নতুন বারকোড স্ক্যানার। এতে রয়েছে ডুয়াল লেজার, ৩২ লাইন স্ক্যান প্যাটার্ন, সিঙ্গেল লাইন স্ক্যানিং এবং ৪৫ ডিগ্রি স্ক্যান অ্যাঙ্গেল ফিচার, কীবোর্ড, আরএস২৩২সি, ইউএসবি প্রভৃতি ইন্টারফেস। দাম ২৫ হাজার টাকা। যোগাযোগ : ০১৯১৫৪৭৬৩২৯

## এসটেক ব্র্যান্ডের কীবোর্ড



সেইফ আইটি সার্ভিসেস লি. বাজারে এনেছে এসটেক ব্র্যান্ডের নরমাল ও মাল্টিমিডিয়া কীবোর্ড। পিএস/২ এবং ইউএসবি পোর্টের এ কীবোর্ডগুলোতে রয়েছে হাই স্পিড কমান্ডিং রেট ও আরামদায়ক বাটন। সাধারণ কীবোর্ডের দাম ২৫০ টাকা এবং মাল্টিমিডিয়া কীবোর্ডের দাম ৩০০ টাকা। যোগাযোগ : ০১৮১৭১৪৯৩০৫

## নতুন ওয়্যারলেস রাউটার




কমপিউটার সিটি টেকনোলজিস লিমিটেড বাজারে এনেছে নেটগিয়ার ডব্লিউএনআর ২০০০ মডেলের ৩০০ এমবিপিএস ওয়্যারলেস রাউটার। ৫টি ১০/১০০ ইথারনেট পোর্টসমৃদ্ধ রাউটারটি ৮০২.১১ বি/জি/এন সাপোর্ট করে। দুই বছরের বিক্রয়োত্তর সেবাসহ দাম ৫ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৯৩৮৮৫৮৮১৭

## আইটিআইএল ভিথ্রি ফাউন্ডেশন কোর্সে বিশেষ ছাড়ে ভর্তি চলছে


আইবিসিএস-প্রাইমেক্সে আইটিআইএল এক্সপার্ট ইন্ডিয়ান প্রশিক্ষকের অধীনে চলতি মাসে আইটিআইএল ভিথ্রি ফাউন্ডেশন কোর্সে ভর্তি চলছে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮

## এডেটা ব্র্যান্ডের নতুন পোর্টেবল হার্ডডিস্ক



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে এডেটা ব্র্যান্ডের এইচই৭২০ মডেলের পোর্টেবল হার্ডডিস্ক। মাত্র ৮.৯ মিলিমিটার পুরুত্বের হার্ডডিস্কটির আবরণ স্টেইনলেস স্টিলের। ইউএসবি ৩.০ ইন্টারফেসের ডিভাইসটিতে রয়েছে ওয়ান টাচ ব্যাকআপ। ফলে অনায়াসে ডাটা ব্যাকআপ এবং সিনক্রোনাইজ করা যায়। ৫০০ জিবি ধারণক্ষমতার এ হার্ডডিস্কের দাম ৬ হাজার ৭০০ টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯০৪

## আইপ্যাড ও আইফোনের জন্য মোশি কাভার




কমপিউটার সোর্স বাজারে এনেছে আইফোনের জন্য তৈরি মোশি স্মার্ট কাভার। সাথে রয়েছে স্ক্রিন প্রোটেক্টর। এছাড়া আইপ্যাডকে ধুলোবালি থেকে নিরাপদ রাখার পাশাপাশি স্ট্যান্ড হিসেবেও কাজ করে মোশি আইপ্যাড স্মার্ট কভার। কভারটি ব্যবহারে স্বয়ংক্রিয়ভাবে আইপ্যাড স্লিপ মোডে চলে যায়, আবার খোলা মাত্রই সচল হয়। তিনটি ভিন্ন রংয়ে মোশি আইপ্যাড স্মার্ট কভারের দাম ৪ হাজার ৬০০ টাকা এবং আইফোন কভারের দাম ৩ হাজার ৮০০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৩৩৫৮৫৮

## আসুসের নতুন গেমিং গ্রাফিক্স কার্ড বাজারে



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে আসুসের জিটিএক্স৬৮০-ডিসি২-২জিডি৫ মডেলের নতুন হাই-এন্ড গেমিং গ্রাফিক্স কার্ড। এইচডিসিপি সমর্থিত এবং পিসিআই এক্সপ্রেস ৩.০ বাস স্ট্যান্ডার্ডের এ গ্রাফিক্স কার্ডটিতে রয়েছে এনভিডিয়া জিফোর্স জিটিএক্স৬৮০ গ্রাফিক্স ইঞ্জিন, ২ জিবি জিডিডিআর ৫ ভিডিও মেমরি, ৬০০৮ মেগাহার্টজ মেমরি ক্লক, সর্বোচ্চ ২৫৬০ বাই ১৬০০ পিক্সেলের ডিসপ্লে আউটপুট রেজ্যুলেশন, ডিভিআই আউটপুট, এইচডিএমআই এবং ডিসপ্লে পোর্ট। দাম ৫৩ হাজার টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯৩৮

## এএমডি ব্র্যান্ডের নতুন প্রসেসর




ইউসিসি সম্প্রতি বাজারে এনেছে এএমডির এফএক্স-৮৩৫০ মডেলের প্রসেসর। এএমথ্রি+ সকেটের তৈরি সিপিইউটির প্রসেসর গতি ৪.০ গিগাহার্টজ। রয়েছে তিন বছরের বিক্রয়োত্তর সেবা। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১-১৭

## সাশ্রয়ী কালার লেজার প্রিন্টার




সেইফ আইটি সার্ভিসেস লি. বাজারে এনেছে কণিকা মিনোল্টা ব্র্যান্ডের ম্যাজিক কালার ১৬০০ডব্লিউ মডেলের ব্যয়সাশ্রয়ী কালার লেজার প্রিন্টার। জাপান অরিজিন এ প্রিন্টারটির প্রিন্ট স্পিড ২০ পিপিএম (মনোক্রম)/৫ পিপিএম (কালার), প্রিন্ট রেজ্যুলেশন ১২০০ বাই ৬০০ ডিপিআই, মাসিক ডিউটি সাইকেল ৩৫ হাজার পৃষ্ঠা, মেমরি ১৬ মেগাবাইট, ২০০ শিট মাল্টি পেপার ইনপুট ট্রে, ইউএসবি ২.০ ইন্টারফেসসহ প্রভৃতি ফিচারসম্পন্ন। দাম ১৮ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৮১৭১৪৯৩০৫

## বাজারে ফক্সকন বি৭৫এম মাদারবোর্ড




শতভাগ সলিড ক্যাপাসিটর ডিজাইন, ভিজিএ, ডিভিআই, এইচডিএমআই এবং ইউএসবিথ্রি পোর্টের ফক্সকন ব্র্যান্ডের বি৭৫এম মডেলের মাদারবোর্ড এনেছে কমপিউটার সোর্স। ইন্টেল দ্বিতীয় ও তৃতীয় প্রজন্মের কোরআই থ্রি থেকে কোরআই সেভেন সংস্করণের প্রসেসর সমর্থিত মাদারবোর্ডটি ৩২ জিবি পর্যন্ত ডিডিআর থ্রি র‌্যাম সমর্থন করে। রয়েছে ডুয়াল চ্যানেল র‌্যাম পোর্ট। দুই বছরের বিক্রয়োত্তর সেবা ছাড়াও গ্রাহকরা পাবেন ৪৮ ঘণ্টার সুবিধা। দাম ৬ হাজার টাকা। যোগাযোগ : ০১৭৩ ০৩৩৪১৫৯

## গিগাবাইট কীবোর্ড মাউস স্পিকার বাজারে



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে গিগাবাইট ব্র্যান্ডের বিভিন্ন মডেলের কীবোর্ড, মাউস ও স্পিকার। পণ্যগুলো বিভিন্ন ক্যাটাগরির কাস্টমারদের চাহিদা মেটাতে সাধারণ ব্যবহারকারী থেকে শুরু করে প্রফেশনাল গেমার পর্যন্ত বিভিন্ন ধরনের ব্যবহারকারীর উপযোগী। যোগাযোগ : ০১৯৭০৩১৭৭৬৮

## ট্রান্সসেন্ড ব্র্যান্ডের নতুন মিউজিক প্লেয়ার



ইউসিসি বাজারে এনেছে ট্রান্সসেন্ডের নতুন মিউজিক প্লেয়ার এমপি ৩৩০। ১২ ঘণ্টা ব্যাটারি ব্যাকআপসমৃদ্ধ ও ইউএসবি পোর্ট সুবিধার প্লেয়ারটিতে রয়েছে রেকর্ডিং, এফএম রেডিও, পাওয়ার সেভিং স্ক্রিনসেভার এবং ১৪টি ভাষা ব্যবহারের সুবিধা। রয়েছে স্পোর্টস ক্লিপ। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১-১৭

## বাজারে আসুসের ভিভোবুক সিরিজের নতুন নোটবুক



আসুসের ভিভোবুক এস৩০০সিএ মডেলের টাচস্ক্রিন নোটবুক বাজারে নিয়ে এসেছে গ্লোবাল ব্র্যান্ড (প্রা:) লিমিটেড। ১৩.৩ ইঞ্চি স্পর্শকাতর পর্দার নোটবুকটিতে রয়েছে আসুস সনিক মাস্টার অডিও, ১.৭ গিগাহার্টজ গতির ৩য় প্রজন্মের ইন্টেল কোরআই ৫ প্রসেসর, ৪ জিবি র‌্যাম, ৫০০ জিবি হার্ডডিস্ক, ইন্টেল এইচডি গ্রাফিক্স ৪০০০, বিল্টইন ভিজিএ, ওয়্যারলেস ল্যান, ব্লু-টুথ ৪.০, এইচডি ওয়েবক্যাম, ইউএসবি ৩.০ পোর্ট প্রভৃতি। উইন্ডোজ ৮ অপারেটিং সিস্টেমসহ নোটবুকটির দাম ৬৫ হাজার টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯৪২

## অ্যাভিরার সাথে ৮ জিবি পেনড্রাইভ ফ্রি




প্রতিটি অ্যাভিরা ইন্টারনেট সিকিউরিটি ২০১৩ সফটওয়্যারের সাথে একটি করে ৮ জিবি টুইনমস পেনড্রাইভ ফ্রি ঘোষণা করেছে স্মার্ট টেকনোলজিস (বিডি) লিমিটেড। জার্মানির অরিজিন এ অ্যান্টিভাইরাসের ভাইরাস ডিটেকশন বৈশিষ্ট্যগুলো হলো নিরাপদ সিস্টেম স্ক্যানার, অ্যান্টি স্প্যাম, অ্যান্টি বুট, অ্যান্টি ফিশিং, অ্যান্টি এডওয়্যার, রুটকিট প্রটেকশন। অন্যদিকে এর প্রিভেনশন বৈশিষ্ট্যগুলো হলো রিয়েল টাইম প্রটেকশন, ফায়ার ওয়াল, ওয়েব প্রটেকশন, অ্যান্টিড্রাইভ ও অ্যান্টি মেইল প্রটেকশন। যোগাযোগ : ০১৯৭০৩১৭৭২১

## ভিউসনিক ব্র্যান্ডের ভিএ ২২৪১ মনিটর



ইউসিসি বাজারে এনেছে ভিউসনিক ব্র্যান্ডের ভিএ ২২৪১ মনিটর। ৭.৮ মিলিলিটার সরু স্ক্রিনের এ মনিটরটিতে রয়েছে এনালগ এবং ডিজিটাল ভিডিও ইনপুট ছাড়াও তিনটি কানেক্টর। তিন বছরের বিক্রয়োত্তর সেবাসহ দাম ১৩ হাজার টাকা। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১-১৭

## এলজি এম ডিস্ক ফিচারের নতুন ডিভিডি রাইটার



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে এলজি ব্র্যান্ডের জিএইচ২৪এনএস৯৫ মডেলের নতুন ডিভিডি রাইটার। রাইটারটি সর্বোচ্চ ২৪এক্স গতিতে ডিভিডি রাইট করতে পারে। এম ডিস্ক প্রযুক্তি থাকায় ডিস্কে রাইট করা ডাটা স্বাভাবিক প্রক্রিয়ায় আবার রাইট করা যায় না এবং মুছে যাওয়া বা ক্ষতিগ্রস্ত হয় না। এছাড়া ডিস্কে আঁচড় বা আঙ্গুলের ছাপ থাকলেও ক্ষতিগ্রস্ত জায়গা বাদ দিয়ে চলতে থাকবে। দাম দেড় হাজার টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯২২

## সার্টিফায়েড ইথিক্যাল হ্যাকার কোর্সে ভর্তি


আইবিসিএস-প্রাইমেক্সে সার্টিফায়েড ইথিক্যাল হ্যাকার (সিইএইচ) সার্টিফিকেশন প্রশিক্ষণে ভর্তি চলছে। ৪০ ঘণ্টার এ প্রশিক্ষণে নেটওয়ার্ক, সিস্টেম, ওয়েব, ভাইরাস, ফায়ারওয়াল, ওয়্যারলেস ওয়েব সার্ভার সিকিউরিটি এবং পেনিট্রেশন টেস্টিং প্রশিক্ষণ দেয়া হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য ১০০ শতাংশ ডিসকাউন্ট ভাউচার এবং প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৯৭৫৬৭-৮

## বেসিসের উদ্যোগে অ্যাকাউন্টিং সফটওয়্যার প্রদর্শনী



বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস) এবং আইসিটি বিজনেস প্রমোশন কাউন্সিলের (আইবিপিসি) সহায়তায় গত ২৫ মে থেকে শুরু হয় ‘বিজনেস সফটওয়্যার শোকেস’ শীর্ষক অ্যাকাউন্টিং সফটওয়্যার প্রদর্শনী। এতে ১৩টি বেসিস সদস্য কোম্পানি তাদের বিভিন্ন অ্যাকাউন্টিং সফটওয়্যার প্রদর্শন করে। কোম্পানিগুলো হলো– অ্যাডভান্স বাংলা সফটওয়্যার টেকনোলজি লি:, অ্যাডভান্সড ইআরপি (বিডি) লি:, অ্যাপ্লিকেশন সলিউশন্স লি:, বাংলাদেশ মাইক্রোটেকনোলজি, বেস্ট বিজনেস বন্ড লি:, সিএসএল সফটওয়্যার রিসোর্সেস লি:, ড্যাফোডিল কমপিউটারস লি:, হাবিব ইন্টেলিজেন্ট সফটওয়্যার লিমিটেড, আইবিসিএস-প্রাইমেক্স সফটওয়্যার (বিডি) লি:, মিডিয়াসফট ডাটা সিস্টেমস লি:, স্যাটকম আইটি লিমিটেড, সাউথটেক লিমিটেড ও দি ডাটাবিজ সফটওয়্যার লিমিটেড। প্রদর্শনী প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত চলে

## বাজারে ফুজিৎসু ইউএইচ ৫৭২ লাইফবুক



কমপিউটার সোর্স বাজারে এনেছে জাপানি ফুজিৎসু ব্র্যান্ডের তৃতীয় প্রজন্মের ইউএইচ ৫৭২ মডেলের লাইফবুক। ১৩ দশমিক ৩ ইঞ্চি ডিসপ্লের এ লাইফবুকটিতে রয়েছে ১.৭ থেকে ২.৬ গিগাহার্টজ গতির কোরআই ফাইভ প্রসেসর, ৪০০০ এইচডি গ্রাফিক্স, ৪ জিবি ডিডিআরথ্রি র‌্যাম, ৫০০ জিবি হার্ডডিস্ক, ৩২ জিবি আইএসএসডি স্টোরেজ ও লাইসেন্সকৃত উইন্ডোজ ৮ প্রফেশনাল। টানা ৫ ঘণ্টা পর্যন্ত ব্যাকআপ দিতে সক্ষম লাইফবুকটিতে ইউএসবি পোর্ট দিয়ে ল্যান সংযোগ, ৪.০ ব্লু-টুথের মাধ্যমে ইন্টারনেট সার্ফিং এবং তারহীন সংযোগ সমর্থিত যেকোনো মনিটরে সরাসরি ভিডিও সম্প্রচার সুবিধা রয়েছে। এক বছরের বিক্রয়োত্তর সেবাসহ দাম ৯৩ হাজার ৫০০ টাকা

## এলজির ১৮.৫ ইঞ্চির নতুন এলইডি মনিটর



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে এলজি ব্র্যান্ডের ১৯ইএন৩৩এস ও ১৯ইএন৪৩এস মডেলের দুটি নতুন এলইডি মনিটর। ১৮.৫ ইঞ্চির পরিবেশবান্ধব এবং বিদ্যুৎসাশ্রয়ী মনিটর দুটির রেজ্যুলেশন ১৩৬৬ বাই ৭৬৮ পিক্সেল, ডায়নামিক কন্ট্রাস্ট রেশিও ৫০০০০০০:১, রেসপন্স টাইম ৩.৫ মিলি সেকেন্ড, ডিসপ্লে কালার ১৬.৭ মিলিয়ন, ভিউয়িং অ্যাঙ্গেল ৯০ ডিগ্রি/৬৫ ডিগ্রি, ডি-সাব ইনপুট কানেক্টর প্রভৃতি। দাম যথাক্রমে ৭ হাজার ৭০০ টাকা ও ৮ হাজার টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯২২

## জবিতে সিএসই কার্নিভাল অনুষ্ঠিত

গত ১৬ থেকে ২০ মে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কমপিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ আয়োজিত সিএসই কার্নিভাল অনুষ্ঠিত হয়। উৎসবের মূল আয়োজন হিসেবে ছিল আন্তঃবিশ্ববিদ্যালয় প্রোগ্রামিং প্রতিযোগিতা, প্রকল্প প্রদর্শনী, গেমিং প্রতিযোগিতা ও ক্যুইজ প্রতিযোগিতা। এসবের পাশাপাশি ছিল বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্ক (বিডিওএসএন) আয়োজিত আউটসোর্সিং বিষয়ক কর্মশালা ও প্রোগ্রামিং আড্ডা। অন্যতম আকর্ষণ ছিল প্রোগ্রামিং প্রতিযোগিতা ও প্রজেক্ট শো। এর মধ্যে ১৭টি অংশগ্রহণকারী দলের ৫টি দলকে বিজয়ী ঘোষণা করা হয়েছে। বিভাগের শিক্ষার্থীদের পরিবেশনায় নাচ, গান, আবৃত্তির মধ্য দিয়ে শেষ হয় তিনদিনের সিএসই কার্নিভাল

## বাজারে আসুসের মেমো প্যাড ট্যাবলেট



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে আসুস ব্র্যান্ডের মেমো প্যাড এমই১৭২ভি মডেলের ট্যাবলেট পিসি। অ্যান্ড্রয়িড ৪.১ জেলিবিন মোবাইল অপারেটিং সিস্টেমের ১ গিগাহার্টজ ভায়া ডবিউএম৮৯৫০ প্রসেসরে চালিত ট্যাবলেট পিসিতে রয়েছে ৭ ইঞ্চির মাল্টিটাচ ডিসপ্লে। একই সাথে ১০টি আঙ্গুল দিয়ে পরিচালনযোগ্য ট্যাবলেটটিতে রয়েছে ১ জিবি র‌্যাম, ৮ জিবি ডাটা স্টোরেজ, ওয়েবক্যাম, সর্বোচ্চ ৭ ঘণ্টা পাওয়ার ব্যাকআপের লিথিয়াম পলিমার ব্যাটারিসহ প্রয়োজনীয় সব সুবিধা। দাম ১৫ হাজার টাকা। যোগাযোগ : ০১৯১৫৪৭৬৩৫৫

## মাইক্রোনেটের গিগাবিট ওয়েব স্মার্ট সুইচ

গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে মাইক্রোনেট কোম্পানির এসপি৬৭৬সি মডেলের গিগাবিট ওয়েব স্মার্ট সুইচ। ওয়ার্ক গ্রুপ এবং সার্ভার অ্যাপ্লিকেশনের জন্য উপযোগী সুইচটিতে রয়েছে



১৬টি গিগাবিট আরজে-৪৫ পোর্ট এবং ৪টি এসএফপি স্লট, ৩৪০ কেবি বাফার মেমরি, ৮ হাজার ম্যাক অ্যাড্রেস এন্ট্রি, ১৬ গ্রুপ ট্যাগভিত্তিক ভার্চুয়াল ল্যান টেবিল ইত্যাদি। দাম ১৬ হাজার টাকা। যোগাযোগ : ০১৯১৫৪৭৬৩৫৩

## স্পর্শ পর্দার নোটবুক ডেল ইন্সপায়রন এন৩৪২১

ডেল ইন্সপায়রন এন৩৪২১ মডেলের তৃতীয় প্রজন্মের ১৪ ইঞ্চি স্পর্শ পর্দার নোটবুক বাজারে এনেছে কমপিউটার সোর্স। ১.৮ গিগাহার্টজ গতির ইন্টেল কোরআই৫-৩৩৩৭ইউ প্রসেসর, এনভিডিয়া জি-ফোর্স জিটি৬২৫ মডেলের গ্রাফিক্স, ১৬০০ মেগাহার্টজ গতির ৪ জিবি ডিডিআর৩ র‌্যামসহ এ



নোটবুকটিতে রয়েছে ৫০০ জিবি হার্ডডিস্ক, ২টি ইউএসবি থ্রি পোর্ট, ইউএসবি ওয়ান পোর্ট, ইন্টিগ্রেটেড নেটওয়ার্ক কানেক্টর, এইচডিএমআই পোর্ট, ব্লু-টুথ ৪ প্রযুক্তি এবং ২.৪ জি ডেল ওয়্যালেস কার্ডসহ প্রয়োজনীয় সব সুবিধা। এক ইঞ্চিরও কম পুরুত্বের নোটবুকটি টানা সাড়ে ৪ ঘণ্টা ব্যাকআপ দিতে পারে। এক বছরের বিক্রয়োত্তর সেবাসহ নোটবুকটির দাম ৬৮ হাজার ২০০ টাকা। যোগাযোগ : ০১৭১৩৩৬৫২২৩

## পিএইচপি ৫.৩ জেন্ড সার্টিফিকেশন কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে জুন সেশনে পিএইচপি ৫.৩ জেন্ড সার্টিফিকেশন কোর্সে ভর্তি চলছে। প্রশিক্ষণ শেষে জেন্ড কোর্স সমাপ্তি সার্টিফিকেট এবং স্টাডি ম্যাটেরিয়াল দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭

## বাজারে নতুন ইউএসবি টিভি কার্ড



কমপিউটার সিটি টেকনোলজিস লি: বাজারে এনেছে কেওয়ার্ল্ড ব্র্যান্ডের ইউবি৪০৬-এ মডেলের ইউএসবি টিভি কার্ড। কার্ডটির মাধ্যমে খুব সহজেই পছন্দের টিভি প্রোগ্রাম, গান কিংবা মুভি এমপিইজি ১/২/৪, ভিসিডি, ডিভিডি ফরম্যাটে কমপিউটারে রেকর্ড ও সংরক্ষণ করা যায়। রয়েছে শিডিউল রেকর্ডিং অপশন। দাম ২ হাজার ৪০০ টাকা। যোগাযোগ : ০২৯৬১২৬২৯-৩০

## এমএসআই ব্র্যান্ডের এনভিডিয়া গ্রাফিক্স কার্ড



ইউসিসি বাজারে এনেছে এমএসআই ব্র্যান্ডের এনভিডিয়া চিপসেটের বেশ কিছু মডেলের গ্রাফিক্স কার্ড। এর মধ্যে ৬এক্স সিরিজের এন৬৮০ জিটিএক্স টুইন ফ্রোজার (১০৫৮ মেগাহার্টজ), এন ৬৮০ জিটিএক্স (১০০৬ মেগাহার্টজ), এন ৬৭০ জিটিএক্স (৯৬৫ মেগাহার্টজ), ৬৬০ টিআই (৯৪১ মেগাহার্টজ), এন ৬৬০ (১০০৬ মেগাহার্টজ) অন্যতম। ৬ এক্স সিরিজের ডিডিআর ৫ গ্রাফিক্স কার্ডগুলো মূলত ২ জিবির এবং মেমরি সাপোর্ট ৬০০৮ মেগাহার্টজ পর্যন্ত। রয়েছে দুই বছরের বিক্রয়োত্তর সেবা। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১-১৭

## সফটওয়্যার পাইরেসিতে বাংলাদেশ তৃতীয়

সফটওয়্যারের অত্যধিক মূল্যের কারণে বাংলাদেশে ক্রমেই অবৈধভাবে সফটওয়্যার ব্যবহারের (পাইরেসি) পরিমাণ বাড়ছে। দ্রুত বর্ধনশীল এ প্রযুক্তি বাজারে অন্যতম ঝুঁকির কারণ হয়ে দাঁড়িয়েছে পাইরেসি। বিএসএ গ্লোবাল সফটওয়্যার অ্যালায়েন্সের তথ্যানুসারে বর্তমানে বিশ্বে পাইরেসি করা সফটওয়্যার ব্যবহারে বাংলাদেশ তৃতীয়। চীন ও তানজানিয়ার পরই বাংলাদেশের অবস্থান। আর ব্যক্তিগত কমপিউটার ব্যবহারকারীরা পাইরেটেড সফটওয়্যার ব্যবহারে এগিয়ে রয়েছেন। সম্প্রতি রাজধানীর আইডিবি মিলনায়তনে মাইক্রোসফট বাংলাদেশ আয়োজিত ‘মাইক্রোসফট ইন্টেলেকচুয়াল প্রপার্টি রাইটস (আইপিআর) অ্যাওয়ারনেস’ শীর্ষক অনুষ্ঠানে এ তথ্য জানানো হয়। অনুষ্ঠানে বক্তারা বাংলাদেশের মতো তৃতীয় বিশ্বের দেশে মাইক্রোসফটের মতো প্রযুক্তিপণ্যের বৈধ ব্যবহারের ওপর গুরুত্ব দেন। তারা জানান, প্রতিবেশী দেশগুলোর তুলনায় বাংলাদেশের প্রযুক্তিপণ্যের বাজারে আন্তর্জাতিক বিভিন্ন পণ্যের প্রবেশের বিশাল সুযোগ আছে। এ সুযোগকে নষ্ট করা উচিত নয়

## বাজারে সরু বাঁশের মতো অ্যাপাসার পেনড্রাইভ



সরু বাঁশের মতো দেখতে অ্যাপাসার পেনড্রাইভ এনেছে কমপিউটার সোর্স। হ্যান্ডিস্টেনো এএইচ১৩৭ মডেলের পেনড্রাইভটি ইউএসবি ৩ পোর্ট সমর্থন করে। ক্যাপ লাগিয়ে রাখতে বিশেষ সুবিধার পেনড্রাইভটি উইন্ডোজ, লিনআক্স ও ম্যাক অপারেটিং সিস্টেমের সব সংস্করণ সমর্থন করে। ৮ জিবি ধারণক্ষমতার পেনড্রাইভের দাম ৬০০ টাকা, ১৬ জিবি ৯৫০ টাকা এবং ৩২ জিবি ১৭৫০ টাকা

## ডেলের টাচ ল্যাপটপ বাজারে



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে ডেলের ইন্সপায়রন ১৪আর (৫৪২১) মডেলের টাচ ল্যাপটপ। ইন্টেল থার্ড জেনারেশন কোরআই ফাইভ ৩৩৩৭ইউ প্রসেসরসমৃদ্ধ এ ল্যাপটপে রয়েছে ৪ গিগাবাইট ডিডিআর৩ র‌্যাম, ৭৫০ গিগাবাইট হার্ডডিস্ক, ১৪ ইঞ্চি এলইডি ডিসপ্লে, ট্রে লোড ডিভিডি ড্রাইভ, এইচডি ওয়েবক্যাম, ল্যান, ব্লুটুথ ৪.০ এবং স্টেরিও স্পিকারসহ অন্যান্য সুবিধা। ১ বছরের বিক্রয়োত্তর সেবাসহ দাম ৭০ হাজার টাকা। যোগাযোগ : ০১৭৩০৩১৭৭২৫

## ভিভিটেকের নতুন এইচডি পকেট প্রজেক্টর



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে ভিভিটেক ব্র্যান্ডের কিউমি কিউ ৫ মডেলের এইচডি পকেট প্রজেক্টর। মাত্র ৪৯০ গ্রাম ওজনের থ্রিডি রেডি প্রজেক্টরটিতে রয়েছে এইচডিএমআই, ইউনিভার্সাল ইনপুট/আউটপুট পোর্ট, এ/ভি ইনপুট/আউটপুট পোর্ট, ইউএসবি প্রভৃতি সংযোগ সুবিধা। ইউএসবি পোর্টে পেনড্রাইভ ব্যবহার করে পিসি ছাড়াই সরাসরি ডিজিটাল ফাইল প্রদর্শন করা যায়। রয়েছে বিল্টইন স্পিকার এবং রিমোট কন্ট্রোল। দাম ৬৪ হাজার টাকা। যোগাযোগ : ০১৯৭৭৪৭৬৪৫৯

## ওরাকল ১১জি আরএসি কোর্সটি সফলভাবে সম্পন্ন

গত ২২ থেকে ২৫ মে আইবিসিএস-প্রাইমেক্সে ওরাকল ১১জি আরএসি ট্রেনিং অনুষ্ঠিত হয়েছে। এতে প্রশিক্ষক ছিলেন ওরাকল ইউনিভার্সিটির অভিজ্ঞ প্রশিক্ষক বিজয় রেড্ডি (ভারত)। ১৬ জন প্রফেশনাল প্রশিক্ষণার্থীর সমন্বয়ে ট্রেনিংটি সফলভাবে অনুষ্ঠিত হয়। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮

## ভিউসনিক ব্র্যান্ডের টিডি ২২২০ টাচস্ক্রিন মনিটর



ইউসিসি বাজারে এনেছে ভিউসনিক ব্র্যান্ডের টিডি ২২২০ মাল্টিটাচ ফুল এইচডি মনিটর। ২১.৫ ইঞ্চি পর্দার এ মনিটরটির ডিজিটাল ফাইন কন্ট্রাস্ট রেশিও ২০০০০০০০:১, রেসপন্স টাইম ৫ মিলি সেকেন্ড, আউটপুট রেজ্যুলেশন ১৯২০x১০৮০, ইন্টিগ্রেটেড স্পিকার, ডিভিআই এবং ডিভিএ ইনপুট, এসআরএস প্রিমিয়াম সাউন্ডসহ ইউএসবি এইচআইডি টাচ ড্রাইভার সংযোগ সুবিধা। তিন বছরের বিক্রয়োত্তর সেবাসহ দাম ২৫ হাজার টাকা। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১-১৭